

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৫

উদয়পুর, ২৪ এপ্রিল, ২০২৫

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় গোমতী জেলায় মৎস্য চাষে সহায়তা

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় উদয়পুর মহকুমার তিন জন মৎস্যচাষীকে মাছের হ্যাচারি করার জন্য ২৫ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এরমধ্যে একটি হ্যাচারির কাজ শেষ হয়েছে। বাকি দুইটির কাজ চলছে। জেলার তিনটি মহকুমার ৯০ জন মৎস্যচাষীকে নতুন পুকুর খনন করে দেওয়া হয়েছে। এতে মোট ব্যয় হয়েছে ৬৪ লক্ষ ৩০ হাজার টাকা। এই প্রকল্পে মিশ্র মৎস্য চাষের জন্য ৯০ জন সুবিধাভোগীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ব্যয় হয়েছে ১৪ লক্ষ ৭৫ হাজার টাকা। ইন্টিগ্রেটেড ফিশ ফার্মিং-এর জন্য জেলার ২৭৬ জন মৎস্যচাষীকে আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে। তাতে ব্যয় হয়েছে ২০ লক্ষ ৭৪ হাজার টাকা। গোমতী জেলা মৎস্য উপ-অধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
